

# বাংলা ট্রিবিউন

## চাকরির সুযোগ নিয়ে শুরু হচ্ছে ক্যারিয়ার ফেয়ার

বাংলা ট্রিবিউন রিপোর্ট

জুন ২৪, ২০১৯।



দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন করপোরেট প্রতিষ্ঠান, মাল্টি ন্যাশনাল কোম্পানি, উন্নয়ন সংস্থাসহ সরকারি-বেসরকারি প্রায় ১০০ এর বেশি খ্যাতনামা প্রতিষ্ঠানের অংশগ্রহণে শুরু হতে যাচ্ছে ‘এনআরবি জবস নিবেদিত ব্র্যাক ইউনিভার্সিটি ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ার ২০১৯’।

সোমবার (২৪ জুন) জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান অফিস অব স্টুডেন্ট অ্যাফেয়ার্সের পরিচালক দিলারা আফরোজ খান রুপা।

তিনি জানান, দু'দিন ব্যাপী এই ক্যারিয়ার ফেয়ার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে ২৭ ও ২৮ জুন। মেলার উদ্বোধন করবেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। এছাড়াও উপস্থিত থাকবেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল।

তিনি আরও জানান, দেশের সব পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ক্যারিয়ারের উন্নয়ন ও প্রস্তুতির লক্ষ্যে দেশের বিভিন্ন সেক্টরের প্রথিতযশা কোম্পানির সঙ্গে সরাসরি যোগাযোগ করার প্ল্যাটফর্ম হিসেবে ক্যারিয়ার ফেয়ার অনেক ভূমিকা রাখবে। উভয়পক্ষের চাহিদা ও প্রত্যাশা অনুযায়ী শিক্ষার্থীরা বিশ্ববাজার সম্পর্কে সাম্যক ধারণা পাবে।

সংবাদ সম্মেলনে ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রার লে. কর্নেল ফয়জুল ইসলাম এবং এনআরবি জবস-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মাহবুবে এলাহী চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।